গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
জেলাঃ- কক্সবাজার
www.lged.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

বিষয়ঃ নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কক্সবাজার কার্যালয়ের ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ- | জনাব মোঃ মামুন খান, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কক্সবাজার। |
| সভার স্থান | ঃ- | প্রকৌঃ কামরুল ইসলাম সিদ্দিক, মিলনায়তন, এলজিইডি ভবন, কক্সবাজার। |
| সভার তারিখ | ঃ- | ১৫/১১/২০২৩ইং। |
| সময় | ঃ- | সকাল- ১০.০০ ঘটিকা। |

সভায় উপস্থিতিঃ

| ক্রঃ নং | উপস্থিতির নাম | পদবী ও কর্মস্থল | স্বাক্ষরিত/- |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ আব্দুর রহমান মুহিম | সিনিয়র সহকারী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, কক্সবাজার। | |
| ২ | জনাব মোঃ বনি আমিন জনি | সহকারী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, কক্সবাজার। | |
| ৩ | জনাব সৈয়দ আলী আহসান | উপ-সহকারী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, কক্সবাজার। | |
| ৪ | জনাব মোঃ মহিউদ্দিন | হিসাব রক্ষক, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, কক্সবাজার। | |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি কমিটির সদস্য সচিব জনাব প্রতিপদ দেওয়ান, সিনিয়র সহকারী প্রকৌশলী-কে আলোচ্য বিষয় উপস্থাপন করার জন্য আহবান জানান। সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী নৈতিকতা কমিটির ৪টি সভা অনুষ্ঠিত হওয়ার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। এরই ধারাবাহিকতায় অদ্যকার সভাটি ১ম সভা।

তিনি জানান যে, ইতোমধ্যে প্রধান প্রকৌশলীর নির্দেশনা মোতাবেক ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে। কর্মপরিকল্পনায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্বে অংশীজনের (Stakeholders) অংশগ্রহণ সভা, শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি), জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ, সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্ট্রারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ, সম্পাদিত পুর্ত কাজের চুড়ান্ত বিলের সাথে স্থির চিত্র সংযোজন, ০৩ (তিন) কোটি টাকার উর্ধ্বে কাজ সমূহের চুড়ান্ত বির প্রদানের পূর্বে অতিরিক্ত প্রধান প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলী কর্তৃক প্রত্যয়ন পত্র প্রদান, সম্পাদিত পুর্ত এবং রক্ষণাবেক্ষণ কাজের কর্মোত্তর মূল্যায়ন সহ বিভিন্ন বিষয়ে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। অদ্যকার সভায় উক্ত বিষয় সমূহের বর্তমান অগ্রগতি পর্যালোচনা করা প্রয়োজন।

সভায় বর্ণিত বিষয়গুলোর উপর বিস্তারিত আলোচনা পর্যালোচনা করতঃ সিদ্ধান্ত গ্রহণ করা হয়। যা নিম্নরুপঃ-

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | (১.৩) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহনে সভা। | ২০২৩-২০২৪ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তাবায়নের নিমিত্তে নির্বাহী প্রকৌশলীর কার্যালয় কর্তৃক অংশীজনের অংশগ্রহনে ৪টি সভা আহবানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। তন্মধ্যে ২য় সভা ডিসেম্বর মাসের ২য় সপ্তাহে | সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সিদ্ধান্তঃ<br>চলতি বছরের ২য় কোয়ার্টারের সভা ডিসেম্বর মাসের ২য় সপ্তাহে অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়। | অত্র দপ্তর। |
| ২ | (১.৫) কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) | উন্নত কর্ম-পরিবেশ সৃষ্টির লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণের লক্ষ্যে ২য় ও ৩য় কোয়ার্টারে জেলা অফিসের কিছু কর্মসূচী লক্ষ্যমাত্র নির্ধারণ করা হয়। এছাড়া পরিবেশ উন্নয়নের স্বার্থে নিয়মিত অফিস পরিদর্শন, অফিস ক্যাম্পাস পরিস্কার-পরিচ্ছন্নতা রাখাসহ বিভিন্ন পরামর্শ প্রদান করা হয়। উন্নত কর্মপরিবেশ নিশ্চিতের লক্ষ্যে এলজিইডি, কক্সবাজার অফিস প্রাঙ্গন পরিস্কার- পরিচ্ছন্ন, টয়লেট ও ড্রেন পরিস্কার কার্যক্রম নিয়মিত মনিটরিং করা হয়। উপজেলা প্রকৌশলীর দপ্তর, সদর, উপজেলা প্রকৌশলীর দপ্তর, রামু, উপজেলা প্রকৌশলীর দপ্তর, উখিয়া, উপজেলা প্রকৌশলীর দপ্তর, চকরিয়া, উপজেলা প্রকৌশলীর দপ্তর, পেকুয়া, উপজেলা প্রকৌশলীর দপ্তর, মহেশখালী এবং উপজেলা প্রকৌশলীর দপ্তর, কুতুবদিয়া অফিসগুলো পরিদর্শন করেন এবং সভাকে অবহিত করেন। উক্ত সভার মাধ্যমে অফিসে উন্নত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে উপজেলা অফিসগুলোকে টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিস্পত্তিকরণ/নথি বিষ্টকরণ/পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করাসহ অন্যান্য গৃহীত কার্যক্রম আরো জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করেন।<br>সিদ্ধান্তঃ<br>কর্মপরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিস্পত্তিকরণ/নথি বিষ্টকরণ/পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি) করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নিমিত্তে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী অত্র দপ্তর। |
| ৩ | (২.১) ২০২৩-২০২৪বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ২০২৩-২০২৪ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার APP সদর দপ্তরে প্রেরণ করার লক্ষ্যমাত্র রয়েছে।<br>সিদ্ধান্তঃ<br>ক্রয়-পরিকল্পনার APP সদর দপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী অত্র দপ্তর। |
| ৪ | পিএমআইএস এর মাধ্যমে কর্তকর্তা/কর্মচারীদের বদলি, অবমুক্তকরণ ও যোগদান | পিএমআইএস এর মাধ্যমে কর্তকর্তা/কর্মচারীদের বদলি, অবমুক্তকরণ ও যোগদান বর্তমানে শতভাগ অনলাইনে রেকর্ড করা হয় এবং তা অব্যাহত রয়েছে। | সিনিয়র সহকারী প্রকৌশলী |
| ৫ | (৩.১) সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ | সেবা প্রদানের ক্ষেত্রে সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণের নিমিত্তে একটি রেজিষ্টার খোলা হয়েছে।<br>সিদ্ধান্তঃ<br>বর্ণিত রেজিষ্টার যথাযথভাবে মেইনটেইন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী অত্র দপ্তর। |
| ৬ | (৩.৩) ০৩ (তিন) কোটি টাকার উর্ধ্বে কাজসমূহের চূড়ান্ত বিল প্রদনের পূর্বে অতিরিক্ত প্রধান প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলী কর্তৃক প্রত্যয়ন প্রদান। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলী কর্তৃক কাজ সমূহের চূড়ান্ত বিল প্রদনের পূর্বে অনাপত্তি সনদ প্রদানের বিষয়টি চলমান আছে।<br>সিদ্ধান্তঃ<br>বর্ণিত কাজ সমূহের চূড়ান্ত বিল প্রদনের পূর্বে অনাপত্তি সনদ প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | - |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৭ | বিভিন্ন দপ্তরে দুর্নীতি বিরোধী মটিভেশনাল আলোচনা | অত্র দপ্তরসহ সকল দপ্তরে আয়োজিত বিভিন্ন সভায় দুর্নীতি বিরোধী মটিভেশনাল আলোচনা অব্যাহত রাখার বিষয়ে আলোচনা করা হয়েছে।<br>সিদ্ধান্তঃ<br>বিভিন্ন দপ্তরে দুর্নীতি বিরোধী মটিভেশনাল আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | নির্বাহী প্রকৌশলী/ সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী অত্র দপ্তর। |
| ৮ | Online ভিত্তিক প্রকল্প/কর্মসূচী মনিটরিং কার্যক্রম চালুকরণ। | বিভিন্ন প্রকল্প/কর্মসূচীর উন্নয়নমুলক কাজের Online Monitoring চালু রাখা হয়েছে। যা আরো জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | নির্বাহী প্রকৌশলী/ সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী অত্র দপ্তর। |
| ৯ | (৩.৪) সম্পাদিত পুর্ত এবং রক্ষণাবেক্ষণ কাজের কর্মোত্তর মুল্যায়ন। | ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ইতোমধ্যে কয়েকটি সমাপ্তকৃত পুর্তকাজ পরিদর্শন করা হয়েছে।<br>সিদ্ধান্তঃ<br>কর্মপরিকল্পনা মোতাবেক সাইট পরিদর্শন পূর্বক মুল্যায়ন অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী/ সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী অত্র দপ্তর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মামুন খান)
নির্বাহী প্রকৌশলী
এলজিইডি, কক্সবাজার
ফোনঃ ৮৮০২-৩৩৪৪৬২৪৭৪
xen.coxsbazar@lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০২২.০০০.৯৯.০০১.১৮- তারিখঃ ২৫/১১/২০২৩ইং।

অনুলিপি ঃ-

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরে-বাংলা নগর, ঢাকা- ১২০৭।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, ১০১২, সিডিএ এভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরে-বাংলা নগর, ঢাকা- ১২০৭।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম অঞ্চল, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ১০১২, সিডিএ এভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম।
৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সদর/রামু/চকরিয়া/পেকুয়া/কুতুবদিয়া/মহেশখালী/টেকনাফ/উখিয়া, জেলাঃ কক্সবাজার।



CS CamScanner